# প্রধানমন্ত্রীকে নিয়ে কটূক্তির অভিযোগে গাজীপুরে যুবক গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

সামাজিক যোগাযোগমাধ্যমে প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্য করার অভিযোগে গাজীপুর থেকে সিফাত আব্দুল্লাহ নামে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। বিদ্যুতের অতিরিক্ত বিল নিয়ে অভিযোগ জানাতে গিয়ে তিনি প্রধানমন্ত্রী ও সরকারসংশ্লিষ্টদের নিয়ে আপত্তিকর ভাষা ব্যবহার করেছেন বলে পুলিশের অভিযোগ।

বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) রাত সাড়ে ৮টার দিকে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের (জিএমপি) গাছা থানা পুলিশ তাকে গ্রেপ্তার করে।

গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন গাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম রব্বানী।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সিফাত আব্দুল্লাহ বেশ কিছুদিন ধরে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রধানমন্ত্রীকে নিয়ে বিভিন্ন ধরনের কুরুচিপূর্ণ বক্তব্য ও লেখা প্রকাশ করছিলেন বলে অভিযোগ রয়েছে।

LENS ASIA

সর্বশেষ বৃহস্পতিবার প্রকাশিত তার এক মিনিট ২৪ সেকেন্ডের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। ভিডিওটিতে তাকে সরকারসংশ্লিষ্টদের উদ্দেশে অশালীন ও কুরুচিপূর্ণ ভাষা ব্যবহার করতে দেখা যায় বলে জানিয়েছে পুলিশ।

ওই ভিডিওতে সিফাত দাবি করেন, চলতি মাসে তার বাসার বিদ্যুৎ বিল এসেছে ৪ হাজার টাকা। আগের মাসে বিল ছিল ৫ হাজার টাকা। তার দাবি, বিলের পরিমাণ স্বাভাবিকের তুলনায় বেশি।

ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর স্থানীয় বিএনপির নেতাকর্মীরা বিষয়টি গাছা থানা পুলিশকে জানান। পরে বৃহস্পতিবার রাতে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।

গাছা থানার ওসি গোলাম রব্বানী বলেন, প্রধানমন্ত্রীকে নিয়ে কটূক্তির অভিযোগে সিফাত আব্দুল্লাহকে গ্রেপ্তার করা হয়েছে। রাত ৯টার দিকে তাকে থানায় নেওয়া হয়। এ ঘটনায় তার বিরুদ্ধে মামলা করার প্রস্তুতি চলছে।